# প্রেসিডেন্সি কলেজ প্রাসঙ্গিকী

## প্রতিষ্ঠাতৃ-দিবস

২০এ জানুয়ারি

১৯৬২

# প্রেসিডেন্সি কলেজ প্রাসঙ্গিকী

**প্রতিষ্ঠাতৃ-দিবস ২০এ জানুয়ারি ১৯৬২**

**উনবিংশ** শতাব্দীতে ভারতবর্ষের সাংস্কৃতিক পুনরুজ্জীবনের প্রথম যুগে স্থাপিত হয়েছিল আমাদের এই শিক্ষায়তন। চিন্তায় ও কর্মে প্রাণের যে ধারাটি সেকালে ক্ষীণ হয়ে এসেছিল, বিদেশী প্রাণশক্তির অভিঘাতে তাতে নতুন স্পন্দন সঞ্চারিত হয়। নবযুগের আদর্শকে বহন করবার গুরু দায়িত্ব নিয়ে ১৮১৭ খ্রীস্টাব্দের ২০এ জানুয়ারি এই কলেজ স্থাপিত হয়। প্রতিষ্ঠাতৃগণের মধ্যে ছিলেন ভারতহিতৈষী ডেভিড হেয়ার, বর্ধমানাধিপতি মহারাজ তেজচন্দ্র বাহাদুর, গোপীমোহন ঠাকুর, রাজা গোপীমোহন দেব, বৈদ্যনাথ মুখার্জি, সার এডওয়ার্ড হাইড ঈস্ট, জোসেফ ব্যারোটো, জে এইচ হ্যারিংটন, লেঃ-কর্নেল ফ্রান্সিস আরভিন প্রভৃতি বরেণ্য ব্যক্তি। রাজা রামমোহন ছিলেন এর আদি কল্পক। আজ ১৪৫ বৎসর পূর্বের সেই কল্যাণকামী প্রতিষ্ঠাতা শিক্ষাব্রতীদের আমরা বিনম্রচিত্তে স্মরণ করি।

১৮৫৫ খ্রীস্টাব্দে হিন্দু কলেজ যখন প্রেসিডেন্সি কলেজে রূপান্তরিত হয়, তখন যত আন্দোলন এবং সমালোচনাই হয়ে থাক না কেন, আজ স্বীকার করতে দ্বিধা নেই, এই রূপান্তরণ আদর্শের প্রসারণ ছাড়া আর কিছুই নয়। কলেজের ইতিহাসে যুগ ও জীবন প্রতি পর্যায়েই যথাযথরূপে প্রতিফলিত হয়ে আসছে। মহত্তর গৌরবের অভিমুখে এর নিরন্তর যাত্রা আমাদের নিত্য গর্বের বিষয়।

বাঙলা ও ভারতবর্ষের জ্ঞানী-গুণী নেতা ও কর্মী—যাঁদের অনেকেরই ছাত্রজীবন অতিবাহিত হয়েছে এই বিদ্যাভূমিতে, তাঁদের সঙ্গে আজকের ছাত্রদের আত্মিক যোগ অনুভবের সাধনা সার্থক হোক।

## বিভিন্ন পরীক্ষার ফল

কলেজের ছাত্রসংখ্যা বর্তমানে ১,৫৮০ ; তার মধ্যে ছাত্রীসংখ্যা ৫১৬। ২৭১ জন ছাত্রছাত্রী বিভিন্ন পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সরকারী বৃত্তি লাভ করেছে। অসচ্ছল অথচ মেধাবী ৩৮৭ জন এবং উদ্বাস্তু ৩৯ জন ছাত্রছাত্রী বিভিন্ন বৃত্তি নিয়ে পড়াশুনা করছে। এ ছাড়া, ৬ জন ছাত্রকে 'জগদীশ বোস ন্যাশনাল সায়ান্স ট্যালেন্ট সার্চ' বৃত্তি দেওয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষায় কলেজের মান অক্ষুণ্ণ আছে। আই এ ও আই এস-সি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রদের পাসের হার যথাক্রমে ৯৫·৪ এবং ৯৭·১৪। ঐ পরীক্ষা দুটিতে যথাক্রমে ৪৪ এবং ১৭৫ জন ছাত্রের মধ্যে ৩৫ এবং ১৫৯ জন প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। আই এস-সি পরীক্ষায় প্রথম দশজনের মধ্যে ন'জন এবং আই এ পরীক্ষায় একজন আমাদের কলেজের। বি এ ও বি এস-সি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রদের পাসের সংখ্যা যথাক্রমে ১০২ এবং ১৩০। বি এ পরীক্ষায় ৭ জন প্রথম শ্রেণীতে এবং বি এস-সি পরীক্ষায় ৩৮ জন প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। প্রাক্-বিশ্ববিদ্যালয় কলা এবং বিজ্ঞান পরীক্ষায় মোট পাসের হার শতকরা ৯৮·৯১—তার মধ্যে কলা বিভাগের ১২ জন এবং বিজ্ঞান বিভাগের ৬৫ জন প্রথম বিভাগে। প্রথম দশজনের মধ্যে চারজনই আমাদের কলেজের।

১৯৬১ সালের এম এ, এম এস-সি পরীক্ষার ফল এখনও প্রকাশিত হয় নি। বিভিন্ন পরীক্ষায় যারা কৃতিত্ব দেখিয়েছে এবং পদক ও পুরস্কার লাভ করেছে, পরিশিষ্টে তাদের নামের তালিকা ছাপা হ'ল।

**অধ্যাপকমণ্ডলীর পরিবর্তন ও অন্যান্য সংবাদ**

প্রথমেই আমরা দর্শন বিভাগের প্রধান অধ্যাপক সর্বজনপ্রিয় ডক্টর প্রবাসজীবন চৌধুরীর আকস্মিক পরলোকগমনের সংবাদ উল্লেখ করি। আমেরিকায় ভিজিটিং প্রফেসর হিসাবে বক্তৃতা দিয়ে মৃত্যুর অল্প কিছুদিন পূর্বেই তিনি দেশে ফিরে এসেছিলেন। অপেক্ষাকৃত অল্প বয়সে তাঁর মৃত্যু বিশেষভাবেই শোকাবহ।

অর্থনীতিতে নবসৃষ্ট অধ্যাপক পদে গত অগাস্ট মাসে ডক্টর সুখময় চক্রবর্তী যোগ দিয়েছেন। এই বিভাগের ডক্টর হীরেন্দ্রনাথ রায় পদত্যাগ ক'রে দুর্গাপুর রিজিওনাল ইঞ্জিনীয়ারিং কলেজে যোগ দিয়েছেন। তাঁর জায়গায় শ্রীঅশোকচন্দ্র সেন গত নবেম্বর মাসে সহকারী অধ্যাপক পদে নিযুক্ত হয়েছেন। রাষ্ট্রনীতি বিভাগে সহকারী অধ্যাপক পদে নিযুক্ত হয়েছেন শ্রীনীরোদবরণ দে। ইংরেজী বিভাগে গত ফেব্রুয়ারি মাসে শ্রীঅরুণকুমার দাশগুপ্ত সহকারী অধ্যাপক পদে যোগ দিয়েছেন। শ্রীনিরুপম চট্টোপাধ্যায় গত মার্চ মাসে সহকারী অধ্যাপক নিযুক্ত হয়েছিলেন কিন্তু সেপ্টেম্বর মাসেই বিদেশ যাত্রার জন্য পদত্যাগ করেন। শ্রীতীর্থংকর বসু লেকচারার পদ ত্যাগ ক'রে উচ্চতর শিক্ষার্থে বিদেশে গিয়েছেন। তাঁর জায়গায় এসেছেন শ্রীপ্রবীরকুমার সরকার।

বাঙলা বিভাগের লেকচারার পদে শ্রীহরনাথ পাল ও ডক্টর সত্যনারায়ণ ভট্টাচার্য যথাক্রমে ঝাড়গ্রাম রাজ কলেজ ও কৃষ্ণনগর কলেজ থেকে বদলি হয়ে এসেছেন। ইতিহাস বিভাগের প্রধান অধ্যাপক ডক্টর অমলেশ ত্রিপাঠী গবেষণাকার্যে কয়েক মাসের জন্য ইংলন্ড যাত্রা করায় ডক্টর অশীন দাসগুপ্ত প্রধান অধ্যাপকের কাজ করেন। তিনি ইতিহাস বিভাগের দ্বিতীয় অধ্যাপক পদে কিছুকাল পূর্বে নিযুক্ত হয়েছিলেন। শ্রীপ্রশান্তকুমার চট্টোপাধ্যায় এই বিভাগে সহকারী অধ্যাপকরূপে কিছুকাল কাজ ক'রে, পরে পদত্যাগ ক'রে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে যোগ দিয়েছেন। ঝাড়গ্রাম রাজ কলেজের শ্রীসুবোধচন্দ্র মজুমদার এখানে বদলির আদেশ পেয়েছেন।

রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক শ্রীপ্রফুল্লকুমার দত্ত অধ্যাপক পদে উন্নীত হয়েছেন। ডক্টর ব্রজেশ সেন বেঙ্গল ইঞ্জিনীয়ারিং কলেজে উচ্চতর পদে যোগ দিয়েছেন। এই বিভাগের প্রধান অধ্যাপক ডক্টর এস সি সোম আমেরিকা যাত্রা করেছেন এবং তাঁর জায়গায় ডক্টর প্রতুল মুখোপাধ্যায় প্রধান অধ্যাপক নিযুক্ত হয়েছেন। এই বিভাগে দু'জন লেকচারার নিযুক্ত হয়েছেন —শ্রী জে সি সরকার এবং শ্রী এস কে চক্রবর্তী। শারীরতত্ত্ব বিভাগে শ্রীসুনীলচন্দ্র সেন সহকারী অধ্যাপক পদে আর এক বৎসরের জন্য নিযুক্ত হলেন। শ্রীঅতুলচন্দ্র দেবনাথ লেকচারার পদে এবং শ্রীঅশোক সেনগুপ্ত পদত্যাগ করায় শ্রীঅরবিন্দকুমার সিংহ ডেমনস্ট্রেটর নিযুক্ত হয়েছেন। ভূগোল বিভাগের শ্রীঅমিয়ভূষণ চট্টোপাধ্যায় লন্ডন বিশ্ববিদ্যালয় থেকে ফিরে এসেছেন। গণিত বিভাগে শ্রীনারায়ণ বর্মণ লেকচারার পদে যোগ দিয়েছেন। প্রাণিতত্ত্ব বিভাগের প্রধান অধ্যাপক ডক্টর শিবতোষ মুখোপাধ্যায় আমেরিকা থেকে ফিরে এসেছেন। এই বিভাগে শ্রীঅরুণ রায় লেকচারার নিযুক্ত হয়ে পরে বদলি হয়েছেন। এই বিভাগে ডক্টর অশোক বসু এবং

ডক্টর অজিতকুমার বন্দ্যোপাধ্যায় লেকচারার নিযুক্ত হয়েছেন। সংখ্যাতত্ত্ব বিভাগের শ্রীসম্প্রীত চট্টোপাধায় ডেমনস্ট্রেটর পদ ত্যাগ করেছেন কেম্ব্রিজে উচ্চতর শিক্ষা লাভের জন্য।

উদ্ভিদতত্ত্ব বিভাগে কৃষ্ণনগর কলেজ থেকে ডক্টর এ কে চক্রবর্তী সহকারী অধ্যাপকরূপে বদলি হয়ে এসেছেন। ডক্টর এইচ এল চক্রবর্তী অন্যত্র চ'লে যাওয়াতে এই শূন্যপদের সৃষ্টি হয়। ডক্টর এস কে পাইন সহকারী অধ্যাপক পদে অস্থায়িভাবে কাজ করেন। তিনি ডক্টর জে কে চৌধুরীর শূন্যপদ পূরণ করেন। শ্রীপ্রদ্যোৎ ভঞ্জ এবং শ্রীপ্রবীর চট্টোপাধ্যায় অস্থায়িভাবে লেকচারার পদে নিযুক্ত হন। শ্রীপ্রদ্যোৎ ভঞ্জ পরে পদত্যাগ করলে ডক্টর অপূর্বকুমার ঘোষ গ্রীষ্মের ছুটির পর ঐ পদে যোগ দেন। নবসৃষ্ট পদে ডক্টর এস সি দত্ত এবং শ্রীঅমলকুমার মুখোপাধ্যায় লেকচারাররূপে নিযুক্ত হন। শ্রীঅশোক কর উচ্চশিক্ষার্থ বিদেশযাত্রা করেছিলেন ; তিনি ফিরে এসে কাজে যোগ দিয়েছেন।

কলেজ অফিসের সহকারী শ্রীশশাংকশেখর ধর পরলোকগমন করেছেন। তাঁর জায়গায় যোগদান করেছেন শ্রীরমেন্দ্রনাথ চক্রবর্তী। শ্রীসত্যচরণ বন্দ্যোপাধ্যায় ছুটিতে যাওয়ায় তাঁর জায়গায় শ্রীরণেন্দ্রমোহন বাগচী (টাইপিস্ট) অস্থায়িভাবে কাজ করছেন। শ্রীসত্যচরণ বন্দ্যোপাধ্যায় ১৬ই জানুয়ারি অবসরগ্রহণ করবেন। শ্রীরণেন্দ্রমোহন বাগচীর স্থলে শ্রীদীপক বন্দ্যোপাধ্যায় কয়েক মাস কাজ করেন। অতঃপর সম্প্রতি শ্রীশচীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় সেই পদে নিযুক্ত হয়েছেন। কলেজের প্রধান দারোয়ান শ্রীবাবল সিং কার্যে রত অবস্থায় গত ২১এ নবেম্বর করোনারি থ্রমবোসিস রোগে আকস্মিকভাবে মারা যান। তিনি দীর্ঘ পঁচিশ বৎসরেরও অধিক কাল এই কলেজের সঙ্গে সংশ্লিষ্ট ছিলেন।

**বিভিন্ন বিভাগে অধ্যাপকবৃন্দের বিদেশযাত্রা ও অন্যতর নানা নিয়োগ ও গবেষণা**

পদার্থবিজ্ঞানের সহকারী অধ্যাপক শ্রীসনৎকুমার মুখোপাধ্যায় এবং লেকচারার শ্রীহরিমোহন সরকার উভয়েই উচ্চতর শিক্ষার জন্য পশ্চিম জার্মাণী যাত্রা করেছেন। অর্থনীতি বিভাগের শ্রীদীপক বন্দ্যোপাধ্যায় লন্ডন বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিযুক্ত হয়েছেন। শারীরতত্ত্ব বিভাগের ডক্টর সুখময় লাহিড়ী হিমালয়ের উচ্চ অঞ্চলে গবেষণাকার্য শেষ করেছেন। স্যার এডমন্ড হিলারি পরিচালিত মাকালু অভিযানে তিনি যোগ দিয়েছিলেন। অক্সফোর্ডে হলডেন শতবার্ষিক অধিবেশনেও তিনি যোগদান করেছিলেন। প্রাণিতত্ত্ব বিভাগের ডক্টর শিবতোষ মুখোপাধ্যায় যুক্তরাষ্ট্রে কয়েকটি বক্তৃতা দেন এবং পরে অক্সফোর্ডে পাঠচক্রেও আমন্ত্রিত হয়েছিলেন। সংখ্যাতত্ত্ব বিভাগে শ্রীমিলনকুমার গুপ্ত দুই বৎসরের ছুটিতে ক্যালিফোর্নিয়া গিয়েছেন। ইংরেজী বিভাগের শ্রীনিরুপম চট্টোপাধ্যায় এবং শ্রীতীর্থংকর বসু উচ্চতর শিক্ষার জন্য অক্সফোর্ড যাত্রা করেছেন। রসায়ন বিভাগের ডক্টর এস সি সোম টেডিংটন ন্যাশনাল ল্যাবরেটরিতে গবেষণার উদ্দেশ্যে যাত্রা করেছেন। ভূগোল বিভাগের শ্রীঅমিয়ভূষণ চট্টোপাধ্যায় লন্ডন বিশ্ববিদ্যালয়ের পি এইচ ডি উপাধি লাভ করেছেন।

ইতিহাস বিভাগের ডক্টর অমলেশ ত্রিপাঠী লন্ডন প্রাচ্য ও আফ্রিকা বিদ্যাকেন্দ্র কর্তৃক আধুনিক ভারতীয় ইতিহাসে গবেষণা করবার জন্যে আমন্ত্রিত হয়ে গিয়েছিলেন। জেনেভা ও মিউনিকে অনুষ্ঠিত সোভিয়েট ইতিহাস বিষয়ক সেমিনারেও তিনি আহূত হয়েছিলেন।

ইতিহাস বিভাগের শ্রীদিলীপকুমার বিশ্বাসকে কলিকাতা বিশ্ববিদ্যালয় 'বিদ্যাসাগর বক্তৃতা' দেবার জন্য আমন্ত্রণ করেছেন।

ডক্টর শিবতোষ মুখোপাধ্যায়ের তত্ত্বাবধানে গবেষণা ক'রে শ্রীবংশীধর হাজরা, শ্রীবংকুবিহারী গাঙ্গুলী, শ্রীসোমেশ সান্যাল ডি ফিল উপাধি লাভ করেছেন। শারীরতত্ত্ব বিভাগের শ্রীরবীন্দ্র-নাথ সেন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ডি এস-সি উপাধি অর্জন করেছেন। রসায়ন বিভাগে কাজ ক'রে শ্রীঅরুণশঙ্কর বসু ঐ বিশ্ববিদ্যালয়ের ডি ফিল উপাধি পেয়েছেন। উদ্ভিদতত্ত্ব বিভাগের শ্রীঅশোক কর যুক্তরাষ্ট্রের ইলিনয় বিশ্ববিদ্যালয়ের পি-এইচ ডি অর্জন ক'রে ফিরে এসেছেন। ঐ বিভাগেরই শ্রীঅশোক সিংহ কমনওয়েলথ বৃত্তি নিয়ে বিদেশ যাত্রা করেছেন।

বিভিন্ন বিভাগে বিভিন্ন অধ্যাপকের তত্ত্বাবধানে গবেষণা অব্যাহত আছে। রসায়ন বিভাগে পনর জন কাজ করছেন। কাউন্সিল অব সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ এবং পশ্চিমবঙ্গ ও কেন্দ্রীয় সরকারও বিভিন্ন বিভাগে একাধিক গবেষণার পরিকল্পনা অনুমোদন করেছেন। রসায়ন বিভাগের শ্রীমতী ইলা মুখোপাধ্যায় সর্ব-ভারতীয় প্রতিযোগিতায় বিজয়িনী হয়ে ইউ জি সি ফেলোশিপ লাভ করেছেন।

**শিক্ষামূলক ভ্রমণ ও সেমিনার**

প্রেসিডেন্সি কলেজে শিক্ষামূলক ভ্রমণের সুপ্রচুর ব্যবস্থা আছে। বিশেষ ক'রে বিজ্ঞানের ছাত্রদের এই ভ্রমণের প্রয়োজনীয়তা বেশি। এর দ্বারা ছাত্রদের মধ্যে আপন আপন বিষয়ের প্রতি কৌতূহলের সঞ্চার হয় এবং কলেজীয় শিক্ষা যথাসাধ্য সম্পূর্ণ হয়। ভূতত্ত্ব, উদ্ভিদতত্ত্ব, ভূগোলে শিক্ষাদানের অঙ্গ হিসাবেই বাৎসরিক বহির্যাত্রার ব্যবস্থা করা হয়ে থাকে।

ভূতত্ত্ব বিভাগ থেকে এবার কয়েকটি যাত্রার ব্যবস্থা হয়েছিল। মাদ্রাজ, সালেম, ত্রিচিনাপল্লী, চাইবাসা, সিংভূমের অন্তর্গত কুদাদা প্রভৃতি অঞ্চলে ভ্রমণ পরিচালিত হয়েছিল। প্রাণিতত্ত্ব বিভাগ থেকেও মাদ্রাজ, মহাবলীপুরম এবং বোম্বাইতে ছাত্ররা গিয়েছে। সংখ্যাতত্ত্ব বিভাগ থেকে এবার তিনটি ভ্রমণের ব্যবস্থা হয়। স্টেট স্ট্যাটিসটিক্যাল ব্যুরো, ইন্ডিয়ান স্ট্যাটিসটিক্যাল ইনস্টিটিউট এবং নতুন দিল্লীতে সেন্ট্রাল স্ট্যাটিসটিক্যাল অর্গানাইজেশন এবং ইনস্টিটিউট অব এগ্রিকালচারাল রিসার্চ স্ট্যাটিসটিকস—এই চারিটি স্থল পরিদর্শন করা হয়। ভূগোল বিভাগের ছাত্ররা গিয়েছিল গুজরাট, কচ্ছ এবং রাজপুতানা। আর-এক দল গিয়েছিল সিকিম-তিব্বত সীমান্তে। তারা ফেরবার পথে জলঢাকা হাইডেল প্রোজেক্ট দেখে আসে।

উদ্ভিদতত্ত্ব বিভাগ থেকে এ বছর কুড়িটি নিকট-ভ্রমণে এবং দু'টি দূর-ভ্রমণে ছাত্রদের নিয়ে যাওয়া হয়েছে। এ ছাড়া আরও একটি দূর-ভ্রমণের সংকল্প আছে।

বিভিন্ন বিভাগের সেমিনারে সারা বছরই সুপরিচিত পণ্ডিতদের দিয়ে বক্তৃতা দেওয়ানো হয়ে থাকে। ছাত্ররা নিজেরাও এখানে আলোচনা ক'রে থাকে। দর্শন বিভাগের সেমিনারে আমেরিকার টাফটস বিশ্ববিদ্যালয়ের প্রবীণ অধ্যাপক ডক্টর জর্জ বি বার্চ বক্তৃতা দেন ২৪এ এপ্রিল। ২১এ এপ্রিল বোস্টন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক কর্টোচি বিভাগীয় অধ্যাপকদের সঙ্গে দর্শন বিষয়ে দীর্ঘ আলোচনা করেন। হিরোসিমা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক য়ুনোকুরা এবং শিকাগো বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক বেরি ভূগোল সেমিনারে বক্তৃতা দেন।

সমগ্রভাবে কলেজের পুনর্মিলন উৎসব ছাড়াও কোন কোন বিভাগ এ রকম উৎসবের অনুষ্ঠান ক'রে থাকে। এই উপলক্ষে নাট্যাভিনয়, শখের ক্রীড়া-প্রতিযোগিতা এবং বিতর্কের ব্যবস্থা হয়ে থাকে। অনেক বিভাগই নিজেদের পৃথক পৃথক পত্রিকা প্রকাশ ক'রে থাকে।

**গ্রন্থাগার**

১৯৬১ সালের ৩০এ নবেম্বর পর্যন্ত গ্রন্থাগারের গ্রন্থসংখ্যা ছিল ৮৯,১৭২ এবং বাঁধানো পত্রিকার সংখ্যা ১৩,৪৩৪। ১৯৬০-৬১ সালে কেনা বই ও পত্রিকার সংখ্যা যথাক্রমে ২,১৬২ এবং ২১৬। এর জন্য মোট খরচের পরিমাণ ৭০,৭২৪·৬১ টাকা। এ ছাড়া আলোচ্য বর্ষে ২০৭খানি বই, পত্রিকা ও পুস্তিকা উপহারস্বরূপ পাওয়া গিয়েছে। আলোচ্য বর্ষে যেসব অতিরিক্ত বরাদ্দ বই কেনবার জন্য গভর্নমেন্টের কাছ থেকে পাওয়া গেছে তা কেবল বিজ্ঞান, অর্থনীতি ও রাষ্ট্রবিজ্ঞানের জন্য। অন্যান্য বিষয়ের জন্য অতিরিক্ত কিছু পাওয়া যায় নি। আলোচ্য বর্ষে বরাদ্দ ১৫,০০০ টাকায় ৫,১২৫খানি বই ও পত্রিকা বাঁধানো হয়েছে। ১৯৬১-৬২ সালের বই বাঁধানোর কাজ চলছে। উক্ত বছরে বই বাঁধানোর জন্য ১৮.০০০ টাকা বরাদ্দ হয়েছে। এই কলেজের প্রাক্তন ছাত্র ডক্টর কনকভূষণ মুখোপাধ্যায় রসায়ন ও পদার্থবিদ্যার বই কেনার জন্য ৫০০ টাকা দান করেছেন। দ্বাদশবর্ষব্যাপী আবেদন-নিবেদনের পর অবশেষে গভর্নমেন্টের কাছ থেকে একটি নতুন টাইপরাইটার পাওয়া গেছে।

১৯৬০-৬১ সালে মোট ৯৩,২৪১খানি বই ব্যবহৃত হয়েছে। তার মধ্যে বাড়িতে ব্যবহারের জন্য ৩৫,৪৩৪খানি এবং বিভিন্ন সেমিনারে ব্যবহারের জন্য ৩,১৬৭খানি।

'থ্রি-ইয়ার ডিগ্রী কোর্স', 'প্রি-ইউনিভার্সিটি' ও 'প্রি-মেডিক্যাল' ক্লাস এই কলেজে শুরু হওয়ায় ছাত্রছাত্রীর সংখ্যা প্রচুর বেড়ে গিয়েছে। অবিলম্বে অতিরিক্ত কর্মী নিয়োগের জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন করা হয়েছে; এখনও কোন ফল হয় নি।

পাঠকপাঠিকাদের অধ্যয়নের সুবিধার্থে সকাল, সন্ধ্যায় ও ছুটির দিনে গ্রন্থাগার খোলা রাখার জন্য কর্তৃপক্ষের নিকট অতিরিক্ত কর্মচারী এবং বই, আলমারি ও সেল্‌ফ ঝাড়পোঁছ করার জন্য দুটি ফরাস গত নয় বছর ধ'রে চাওয়া হচ্ছে; এখনও পর্যন্ত কোন ফল হয় নি। এ ছাড়া গ্রন্থাগারে ক্রমবর্ধমান কাজের সুবিধার জন্য কয়েকটি অতিরিক্ত কর্মচারী (যেমন উপ-গ্রন্থাগারিক, অতিরিক্ত তালিকা-প্রণেতা, অতিরিক্ত সহকারী গ্রন্থাগারিক, অতিরিক্ত বেয়ারা, দ্বার-রক্ষক ইত্যাদি) চাওয়া হয়েছে। এ বিষয়ে এখনও কোন ফলাফল জানা যায় নি। ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশন-এর সম্প্রতি অনুমোদিত বেতন-হারের পরিপ্রেক্ষিতে গ্রন্থাগার কর্মীদের বেতন-হার নির্ধারণ করার জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন করা হয়েছে—ফলাফল এখনও জানা যায় নি। অস্থায়ী তালিকা-প্রণেতার পদটি অবিলম্বে স্থায়ী করার বিশেষ প্রয়োজন। এ বিষয়ে কর্তৃপক্ষের সঙ্গে পত্র বিনিময় হচ্ছে।

অর্থনীতি ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগে বিভাগীয় গ্রন্থাগার চালু করার জন্য অস্থায়িভাবে একটি সহকারী গ্রন্থাগারিক ও একটি বেয়ারার পদ এ বছরে (১৯৬১-৬২) মঞ্জুর করা হয়েছে। ঐ গ্রন্থাগারের বই-আলমারি কেনার জন্য যথাক্রমে ১৫,০০০ টাকা ও ২০,০০০ টাকা পাওয়া গিয়েছে। গ্রন্থাগারে বই রাখার গুরুতর স্থানাভাব পূর্ববৎ।

**ছাত্রসংসদ**

অন্যান্য বৎসরের মতন এবারেও ছাত্রসংসদের কাজে অব্যাহত উদ্দীপনা দেখা গেছে। প্রতিষ্ঠাতৃ-দিবস উপলক্ষে সপ্তাহব্যাপী যে উৎসব-সূচি উদ্‌যাপিত হয়, তাতে তো বটেই, তা ছাড়া এবার রবীন্দ্র-শতবর্ষপূর্তি উপলক্ষে যথাক্রমে দু'টি পর্বে রবীন্দ্র-সাহিত্যের বিভিন্ন দিক সম্বন্ধে আলোচনার ব্যবস্থা হয়েছিল। বিভিন্ন দিনে এইসব অনুষ্ঠানে শ্রীত্রিপুরারি চক্রবর্তী, শ্রীনীহাররঞ্জন রায়, শ্রী শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়, শ্রীসুকুমার সেন, শ্রীচারুচন্দ্র ভট্টাচার্য, শ্রীসৌম্যেন্দ্রনাথ ঠাকুর, শ্রীমৈত্রেয়ী দেবী, শ্রীঅপূর্বকুমার চন্দ ইত্যাদি সুধীমণ্ডলী যোগ দিয়েছিলেন। এ ছাড়া, রবীন্দ্র-সঙ্গীতানুষ্ঠান এবং কবি-সম্মেলনেরও ব্যবস্থা হয়েছিল।

এ বছর দু'টি ইংরেজী এবং একটি বাঙলা বিতর্ক-সভা এবং দু'টি নাট্যাভিনয়ের আয়োজন হয়। তা ছাড়া যথারীতি অন্যান্য উৎসবও অনুষ্ঠিত হয়েছে।

**প্রেসিডেন্সি কলেজ প্রাক্তন ছাত্রসংসদ**

ছাত্রসংসদের সভাপতি ডক্টর অতুলচন্দ্র গুপ্ত এবং অন্যতম প্রাচীন সদস্য চারুচন্দ্র ভট্টাচার্য এ বৎসর পরলোকগমন করেছেন। শুধু প্রেসিডেন্সি কলেজ ছাত্রসংসদে নয়, দেশের বৃহত্তর সাংস্কৃতিক জগতে তাঁদের মৃত্যু শূন্যতার সৃষ্টি করল। সংসদ এবার শততম রবীন্দ্রজন্মোৎসব পালন করেছে। এই উপলক্ষে ১৬ই সেপ্টেম্বর শ্রীঅর্ধেন্দ্রকুমার গঙ্গোপাধ্যায়, ডক্টর শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়, শ্রীহিরণ্ময় বন্দ্যোপাধ্যায় এবং ডক্টর হরপ্রসাদ মিত্র রবীন্দ্র-প্রতিভার নানা দিক নিয়ে আলোচনা করেন। ৩০এ সেপ্টেম্বর নেতাজী সুভাষ ইনস্টিটিউট-এ সংসদ-সদস্যরা রবীন্দ্রনাথের 'চিরকুমার সভা' অভিনয় করেন। ৩রা ডিসেম্বর শ্রীসৌম্যেন্দ্রনাথ ঠাকুর 'গানে রবীন্দ্রনাথের জীবনতত্ত্ব' এই সম্পর্কে একটি ভাষণ দেন। বক্তৃতার সঙ্গে গান করেন বৈতানিক-গোষ্ঠী। ১০ই ডিসেম্বর বেলুড়ে একটি উদ্যান সম্মিলনীর অনুষ্ঠান হয়। ইংরেজীতে পর পর দু'টি বাৎসরিক পত্রিকা প্রকাশিত হয়েছে; রবীন্দ্রসংখ্যাটি গত পূজার ছুটির আগেই প্রকাশিত হয়। কলেজের দুঃস্থ ছাত্রদের সাহায্যকল্পে কয়েকজন সভ্য সংসদে কিছু অর্থ দিয়েছেন।

**উপসংহার**

পরিশেষে, এ বছরের একটি উল্লেখযোগ্য পরিবর্তন এই যে, রাষ্ট্রবিজ্ঞান এবং অর্থনীতি দু'টি স্বতন্ত্র বিভাগে পরিণত হয়েছে। প্রথমোক্ত বিভাগে শ্রীউপেন্দ্রনাথ ঘোষাল এবং শেষোক্ত বিভাগে শ্রীভবতোষ দত্ত প্রধান অধ্যাপক পদে অধিষ্ঠিত। কলেজে যথারীতি ত্রিবর্ষব্যাপী স্নাতক-শিক্ষণ, প্রাক্-বিশ্ববিদ্যালয় কলা ও বিজ্ঞান শ্রেণী এবং প্রাক্-চিকিৎসা শিক্ষণ চলেছে। বিভিন্ন বিভাগে অধ্যাপকদের শূন্য পদগুলি অবিলম্বে পূরণ করা দরকার। কর্মভার বহু পরিমাণে বেড়েছে, প্রতিদিনের সাধারণ পঠন-পাঠনের পক্ষে বাঞ্ছিত স্থানের সমূহ সঙ্কোচ অনুভব করা যাচ্ছে।

## APPENDIX I

**Statement of Publications and Research Work by Members of the Staff of the Presidency College or by Students under their guidance during 1961.**

*Bengali*

**Mitra, Dr. Haraprasad**

রবীন্দ্রচর্চা (সম্পাদিত) (সুরভি প্রকাশনী)।

বঙ্কিমসাহিত্য পাঠ (যন্ত্রস্থ)।

**Datta, Bhabatosh**

চিন্তানায়ক বঙ্কিমচন্দ্র (জিজ্ঞাসা, ১৯৬১)।

বাংলা গদ্য ও রবীন্দ্রনাথ (রবীন্দ্রায়ণ ১ম খণ্ড, পুলিনবিহারী সেন সম্পাদিত)।

রূপকের ঐতিহ্য ও রবীন্দ্রনাথ (বঙ্গীয় সাহিত্য পরিষৎ পত্রিকা, রবীন্দ্র শতবর্ষপূর্তি সংখ্যা, ১৩৬৮)।

রবীন্দ্রনাথের সত্যানুধ্যান (পশ্চিমবঙ্গ রবীন্দ্র শতবর্ষ-জয়ন্তী উৎসর্গ গ্রন্থ, অতুলচন্দ্র গুপ্ত ও চারুচন্দ্র ভট্টাচার্য সম্পাদিত)।

রবীন্দ্রনাথ ও সাময়িকপত্র (রবীন্দ্রচর্চা, হরপ্রসাদ মিত্র সম্পাদিত)।

রবীন্দ্র-নাটকের নায়ক (বিশ্বভারতী পত্রিকা, অষ্টাদশ বর্ষ, ১ম সংখ্যা)

**Choudhuri, Bhudev**

গল্পশিল্পী পরশুরাম (বসুধারা, মাঘ ১৩৬৭)।

গল্পগুচ্ছে সবুজপত্রের যুগ (জয়শ্রী, রবীন্দ্র শতবর্ষপূর্তি সংখ্যা, ১৩৬৮)।

একটি গল্পঃ এক যুগ—গল্পগুচ্ছে নষ্টনীড় (রবিপ্রকাশ, ১৩৬৮, করিমগঞ্জ রবীন্দ্র শত-বার্ষিক সমিতির স্মারক গ্রন্থ)।

**Mukhopadhyay, Dr. Arunkumar**

রবীন্দ্রবিতান (এ মুখার্জি অ্যান্ড কোং)।

রবীন্দ্রসমীক্ষা (এ মুখার্জি অ্যান্ড কোং)।

কথাসাহিত্য-জিজ্ঞাসা (করুণা প্রকাশনী)।

*Hindi*

**Agarwalla, Dr. T. N.**

Fifty poems of Rabindranath translated into Hindi verse.

*Economics*

**Datta, Dr. Bhabatosh**

Price Policy in a Developing Economy (*Economic Weekly,* Special Annual Number, February, 1961).

Exports and the Plan (*Problems in the Third Plan,* Published by the Planning Commission, Government of India).

**Datta, Dr. B., Bhattacharyya, M., Chakravarty, S. and Ghosh, Miss G.**

Impact of Indian Economic Development on Exports (A Government Research Project Report submitted to the Planning Commission).

**Majumdar, Dr. Tapas**

*The Measurement of Utility* (Revised Second Edition, Macmillan London, 1961).

**Chakravarty, Dr. Sukhamoy**

The Use of Shadow Prices in Development Programming (*Econometrica*. July, 1961).

An outline of a Method of Programme Evaluation (CENIS, Massachusetts Institute of Technology, 1961).

A structural Study of International Capital Movements (Published by the Netherlands Economic Institute, Rotterdam) (reprinted in *Economia Internazionale*, August, 1961).

Production of Commodities by Means of Commodities (A Review Article, *Arthaniti*, Calcutta, July, 1961).

Review of Nichtlinear Programplanning, (H. H. Bohm) (*Econometrica*, 1961).

Programming Economic Development (*Economic Development and Cultural Change*, Chicago, 1961).

*Philosophy*

**Bhattacharya, Pareshnath**

An Apology for a Psychological Study of Religion (*The Mother*, April, 1961).

Rabindranath's Mysticism (*Presidency College Magazine*, Rabindra Centenary Volume, 1961).

**Bhattacharya, Katyayanidas**

Nature and Function of Adjunct in Samkara Vedanta. (*The Mother*, March 1961).

**Sen, Deviprasad**

The Denotative Function of Words (sabda-sakti) (*Journal of the Indian Philosophical Association*).

*Statistics*

**Goon, A. M., Gupta, M. K. and Dasgupta, B.**

Fundamentals of Statistics (World Press, Calcutta).

**Das Gupta, B. and Ghosh, S.**

Development of a Scale for Measurement of Students' attitude towards Social Work (*Indian Journal of Social Work*, Vol XXI, No. I).

*Mathematics*

**Ghosh, Dr. N. L. and his Research Pupils**

Resistance in Potential Flow III: The General Jukawaski Aerofoil—N.L. Ghosh and H. K. Chatterjee (*Proc. NISI*, Sept. 1961).

**Chatterjee, P. K. (Scholar)**

An exact analytical solution for a cylindrical shockwave (*Proc. NISI*) (in Press).

**Bose, Sujit Kumar**

On G-waves and long period surface waves of severe earthquakes (*Gerlands Beitraze zur Geophsik,* 1961) (in Press).

On low period sub-oceanic Rayleigh waves and their attenuation (*Geofisica Parae Applicata,* 1961) (in Press).

Pressure waves in layered liquid (*Applied Scientific Research Journal,* 1961) (in Press).

**Chatterjee, Dr. P. C.**

On bilateral operatial calculation in several variables (I. *Ind. Math. Soc.,* II. *Appl. Math. Soc.*) (in Press).

*History*

**Tripathi, Dr. Amalesh**

Manchester India Office and Tariff Controversy, 1858-82 (*Indian Historical Records Commission Proceedings,* 1961).

**Biswas, D. K.**

রবীন্দ্রনাথের ইতিহাসচিন্তা (রবীন্দ্রায়ণ ২য় খণ্ড, পুলিনবিহারী সেন সম্পাদিত)।

*Physics*

**Sen Gupta, Dr. R. S., Gupta, S., Acharya, A., Biswas, M. M. and Roy, K. K.**

Scattering of "le-mesons" (II, NUOVO CIMENTO, Vol. XIX, No. 2, 1961)

**Ghosal, Dr. S. N.**

Ionisation and Fragmentation of Molecules (*Proceedings of the Physics Conference and Symposium on Solid State Physics,* Bangalore, 1960).

**Sen Chowdhury, Dr. P. K.**

Conservation Principles and Selection Rules in Nuclear Physics (*Alumni Issue, Pure Physics Reunion,* 1961, Calcutta University).

**Kar, Dr. K. C.**

Note on Dirac method of linearising the Relativistic Hamiltonean (*Indian Journal of Theoretical Physics,* Vol. 7, Nos. 3 and 4).

On the perturbation theory with time dependent function (*Indian Journal for Theoretical Physics,* Vol. 7, Nos. 3 and 4).

Theory of Alpha Decay (*Indian Journal of Theoretical Physics,* Vol. 8, Nos. 2 and 3).

**Kar, Dr. K. C. and Paria, B. N.**

Note on Wave-statistical derivation of Klecin-Nishuia Formula for Compton Scattering (*Indian Journal of Theoretical Physics,* Vol. 7, Nos. 3 and 4).

**Kar, Dr. K. C. and his Research Assistant**

On the theory of 'Statistical displacement' of a bowed string—Mrs. Chinmayee Dutt (*Indian Journal of Theoretical Physics,* Vol. VII, No. 2).

**Sengupta, S.**

Coulomb energies of Mirror Nuclei (*Nuclear Physics,* Vol. 21, page 547, 1960).

Harmonic Oscillator constant in p-shell nuclei and charge dependence of nuclear forces (*Nuclear Physics*) (in Press).

*Botany*

**Bhaduri, P. N. and Mukherjee, A. K.**

A simple Pyronin methyl green staining technique for plant tissues (*Nucleus,* Vol. 4) (in Press).

**Bhaduri, P. N. and Bhattacharya, S. K.**

Propagation of Diploid and Tetraploid Rauwolfia Serpentina by cuttings (*Bull. Botanical Society, Bengal*, Vol. 13) (in Press).

**Bhaduri, P. N. and Bhanja, P. K.**

Florescence microscopy in the study of Pollen grains and Pollen tubes, (*Stain Technology,* U.S.A.) (in Press).

**Gates, R. Ruggles and Bhaduri, P. N.**

The Inheritance of Hairy Ear Rims (*Mankind Monographs* I, 1-38; Edinburgh).

**Gangulee, H. C. and Chatterjee, N. K.**

Eastern India II (*The Nucleus,* 3, 1960. 165-176+1).

*Geography*

**Kar, Dr. N. R.**

Investigations on a Piedmont Drift Deposit in the Eastern Himalayas (*Biuletyn Pery glacjalny,* No. 11, 1961, Instytut Geograficzny, Lodz, Poland).

**Chakraborty, Dr. S. C.**

Notes on the Land Use of Western Midnapur (*Bull. Socio. Econ. Research Institute*, Calcutta).

Statistical presentation of changes in Land Use Data (*Bull. Indian Council of Geographers*) (in Press).

**Lahiri, T. B.**

Urban Planning in Calcutta Region (*Modern Review,* October, 1961).

Maroosthali: a study of Indian Desert (in Press).

*Physiology*

**Roy, R. N., Roy, S., Dutta, B., Ghose, S. and Mukherjee, A. K.**

Blood sugar level and glucose tolerance test in spirochetosis (*Jour. Ind. Med. Ass.,* 1961, 37, 170).

Blood sugar level and glucose tolerance test in spirochetosis after administration of chloramphinicol (*Jour. Ind. Med. Ass.,* 1961, 37, 172).

Serum inorganic phosphorus and magnesium in spirochetosis in relation to blood sugar level (*Jour. Ind. Med. Ass.,* 1961, 37, 605).

**Sengupta, S. and Mukherjee, A. K.**

Blood lipids in experimental ataxy (*Jour. Sci. and Ind. Res.,* 1961, 20B, 616).

**Lahiri, S.**

Cardiac output in subjects acclimatised to 19,000 feet (*Abs. Ind. Sci. Cong.*, 1962).

Circulatory changes in subjects acclimatised to 19,000 feet (*Abs. Ind. Sci. Cong.*, 1962).

Interrelationship of ascorbic acid and hormones (*Abs. Ind. Sci. Cong.*, 1962).

**Chowdhuri, A. and Das, D.**

Acid Secreting Zones in the Rabbit Stomach (*Science & Culture*, 1961, 27, 306-308).

*Zoology*

**Mookherjee, S. and Waidyasekera, P. L. D.**

Transient physiological changes in Trypsinised amoebae (*Proc. Zool. Soc.*) (in Press).

**Mookherjee, S. and Datta, J. K.**

Cell lineage in nucleic acid treated amoabae (*Nucleus*) (in Press).

**Mookherjee, S. and Ray, A.**

Cytochemical changes in relation to synthetic activity in fatbody cells (*Proc. Nat. Inst. Sci.*) (in Press).

**Hajra, B.**

Effects of different concentrations of trinitrophenol on a soil amoeba, (*Proc. Zool. Soc.*, 1961).

Cytochemical changes in amoebae following trinitrophenol treatment (Z. Zellforsch., 1961).

**Sanyal, S.**

A causal analysis of morphogenesis of hydra during bud development (*Dev. Biology*) (in Press).

In addition Dr. Mookerjee and his research students contributed twelve papers for the 49th session of the Indian Science Congress at Cuttack in January, 1962.

*Geology*

**Banerji, Dr. A. K.**

On the relation of Cross folding, mugmatisation and orelocalisation along part of the Singhbhum Shear Zone to the South of Tatanagar, Bihar (*Proc. 48th Indian Science Congress,* pt. III, p.206, 1961).

**Saha, Dr. A. K. and Chakrabarti, S. K.**

A preliminary study of the structural framework of the northern border region of the Singhbhum granite, Bihar (*Proc. 48th Indian Science Congress,* pt. III, 1961).

**Saha, Dr. A. K. and Sarkar, Dr. S. N.**

Deformation features in minerals in the pegmatites of Bihar mica belt (*Proc. 48th Indian Science Congress*, pt. III, 1961).

A revision of the stratigraphic correlation of the Pre-Cambrian of Singhbhum and adjacent areas (Symposium in Pre-Cambrian stratigraphy of India) (*Proc. 48th Indian Science Congress*, pt. IV, 1961).

**Bose, M. K.**

On the nepheline syanites of Koraput (*Proc. 48th Indian Science Congress*, 1961).

Garnet coronites from Koraput, Orissa (*Geol. Mag.*) (in Press).

On the concept of continental growth—Indian Minerals (in Press).

**Bose, M. K. and Bhattacharya, B.**

Batestomella—a broyzoa from Kashmir (*Proc. Indian Science Congress*, 1961).

## APPENDIX II

### Intermediate Examinations, 1961

*Names of students placed among the first ten*

**I.A.**

| | |
|---|---|
| Biswanath Banerjee .. .. | 8th |

**I.Sc.**

| | |
|---|---|
| Bhaskarjyoti Mukherjee .. | 1st |
| Shyamal Kr. Mitra .. .. | 2nd |
| Subhendu Chakravarty .. | 3rd |
| Rajnish Kr. Jain .. .. | 5th |
| Asoke Kr. Ghosh .. .. | 6th |
| Udoy Sankar Bosak .. | 7th |
| Kumar Sankar Majumdar .. | 8th |
| Prabir Kr. Ghosh .. .. | 9th |
| Kamal Ranjan Acharyya .. | 10th |

### B.A. and B.Sc. Examinations, 1961

*Names of students obtaining first class*

**B.A.**

*English*

Goutam Chakravorty

*Economics*

Dilip Kumar Acharyya

*History*

Naresh Kr. Arora
Khorsheel B. Bhathena
Aparna Banerjee
Chittabrata Palit

*Statistics*

Brojeswar Chakravorty

**B.Sc.**

*Physics*

Debaprasad Majumdar
Prabhu Doyal Agarwal
Partha Neogi
Debiprosad Sarkar
Mihir Kr. Datta
Amarnath Datta
Badal Kr. Betal
Rabinda Tahilram Darianani
Malay Kanti Chakravorty
Sambhunath Ghosh
Rajat Chanda
Subhendu Kr. Deb
Siddhartha Sen
Aloke Kr. Sen
Subhendu Guha
Pranab Kr. Roy Choudhuri
Partha Sarathi Ghosh

*Chemistry*

Bidyendu Mohan Deb
Goura Dujari
Ratna Ghosh

*Mathematics*

Utpal Kumar Banerjee

*Physiology*

Enid Prabha Shaw
Usha Bhargava
Ajoy Kr. Chatterjee
Narayan Prosad Maheswari
Nandita Sen
Shyama Prosad Mukherjee

*Geology*

Deb Kumar Dasgupta
Debasish Chatterjee
Suhash Ch. Talukdar
Santosh Kr. Ghosh
Bijoy Prasanna Bhattacharyya
Nirmal Chattopadhyay

*Zoology*

Santigopal Pal
Ashim Kr. Chakravorty

*Botany*

Suhita Guha

*Statistics*

Pijush Dasgupta
Chandan Kr. Basu

## M.A. and M.Sc. Examinations, 1960

*Names of students obtaining first class*

*(Merit in order of the University)*

### M.A.

*Economics*

| | |
|---|---|
| Ramgopal Agarwala | 1st |
| Pranab Kr. Bardhan | 2nd |

*History*

| | |
|---|---|
| Sumit Sarkar | 2nd |

*Pali*

| | |
|---|---|
| Dipak Kr. Barua | 1st |

*Applied Mathematics*

| | |
|---|---|
| Rabindranath Chatterjee | 3rd |
| Narayan Ch. Burman | 11th |

### M.Sc.

*Physics*

| | |
|---|---|
| Salil Ranjan Roy | 2nd |
| Amit Goswami | 8th |
| Mihir Kanti Ghosh | 12th |

*Geology*

| | |
|---|---|
| Sudhir Bh. Basu Mallick | 1st |
| Subimal Sinha Roy | 2nd |
| Akhilesh Choudhuri | } 3rd |
| Sanjoy Ch. Chandra | } 3rd |
| Amaljyoti Sengupta | 5th |
| Rajat Kanti Kar | 6th |
| Cecil Laha | 9th |
| Utpal Bose | 10th |
| Sankar Prosad Ghosh | 12th |
| Manindra Nath Coomar | 14th |

*Geography*

| | | | |
|---|---|---|---|
| Saroj Kumar Pal | .. | .. | 1st |
| Mrinal Kanti Datta | .. | .. | 2nd |
| Manjari Roy | .. | .. | 3rd |
| Santana Pal | .. | .. | 4th |

*Zoology*

| | | | |
|---|---|---|---|
| Samir Kr. Banerjee | .. | .. | 1st |
| Jyotiprokash Choudhuri | | .. | 3rd |
| Sudhangsu Kr. Ghosal | .. | .. | 7th |
| Kamala P. Kripalani | .. | .. | 9th |

*Physiology*

| | | | |
|---|---|---|---|
| Shibani Banerjee | .. | .. | 10th |

*Botany*

| | | | |
|---|---|---|---|
| Subimal Roy | .. | .. | 9th |
| Deepali Dey | .. | .. | 10th |

## APPENDIX III

**Medals, Prizes and Scholarships awarded by the University**
**M.A. and M.Sc. Examinations, 1960**

**M.A.**

| | | | |
|---|---|---|---|
| Dipak Kr. Barua | .. | .. | Gold Medal and Prize of Rs. 200. |
| Sumit Sarkar .. | .. | .. | Silver Medal and Prize of Rs. 100. |
| Ramgopal Agarwala | .. | .. | Gold Medal and Prize of Rs. 200. |
| Pranab Kr. Bardhan | .. | .. | Silver Medal and Prize of Rs. 100. |
| Jyotsna Bhattacharyya | .. | .. | Kshetra Mohan Chatterjee Gold Medal (a gold-rimmed silver medal out of the value of the medal). |
| Sanjoy Majumdar | .. | .. | Jadunath Mahalakshmi Silver Medal (a silver medal of half the value out of the value of the medal). |

**M.Sc.**

| | | | |
|---|---|---|---|
| Salil Ranjan Roy | .. | .. | Silver Medal and Prize of Rs. 100. |
| Sudhir Bh. Basu Mallick | .. | .. | Gold Medal and Prize of Rs. 200. |
| Subimal Sinha Roy | .. | .. | Silver Medal and Prize of Rs. 100. |
| Samir Kr. Banerjee | .. | .. | Gold Medal and Prize of Rs. 200. |
| Saroj Kr. Pal .. | .. | .. | Prize of Rs. 200. |
| Mrinal Kanti Datta | .. | .. | Silver Medal and Prize of Rs. 100. |

## B.A. and B.Sc. Examinations, 1961

### B.A.

| | |
|---|---|
| Sobhakar Gangopadhyay | Bankimbihari Sen Gold Medal. |
| Dilip Kumar Gangopadhyay | Pramathanath Banerjee Prize (B.A.) (a prize of half the value). |
| Siddhartha Ray | Pramathanath Banerjee Prize (B.A.) (a prize of half the value). |
| Dilip Kumar Acharya | (a) N. N. Ghosh Gold Medal (a gold-rimmed silver medal out of the value of the medal). |
| | (b) Shamacharan Ganguly Prize (B.A.). |
| Gautam Chakrabarty | (a) Manackjee Rustomjee Gold Medal. |
| | (b) Sarveswara and Purnachandra Gold Medal (a gold-rimmed silver medal out of the value of the medal). |
| | (c) Preonath Ghosh and Gagantara Dasi Silver Medal. |
| | (d) Tawney Memorial Prize. |
| | (e) Rai L. M. Chatterjee Bahadur Prize. |
| Naresh Kumar Arora | (a) Thakurdas Kerr Gold Medal. |
| | (b) Adharchandra Mookerjee Commemoration Prize. |
| | (o) Bipinbihari Memorial Prize. |
| Debjani Das | Quinlan Memorial Silver Medal. |
| Jamuna Daschaudhuri | W. C. Ghose Silver Medal. |

### B.Sc.

| | |
|---|---|
| Utpalkumar Bandyopadhyay | Mc. Cann Silver Medal. |
| Debkumar Dasgupta | Hemchandra Dasgupta Silver Medal. |
| Bidyendumohan Deb | Ramanimohan Majumder Gold Medal (a gold-rimmed silver medal out of the value of the medal). |
| Partha Niyogi | Mohinimohan Rai Memorial Gold-rimmed Silver Medal (a silver medal out of the value of the medal). |
| Debaprasad Majumder | (a) Gangaprasad Gold Medal. |
| | (b) Tripundeswar Mitra Gold Medal. |
| | (c) Shamacharan Ganguly Prize (B.Sc.). |
| Suhita Guha | G. P. Majumder Silver Medal. |
| Enid Shaw | Basanti Das Gold-rimmed Silver Medal (a silver medal out of the value of the medal). |

## Awarded by the Presidency College, Calcutta.

### Awards on the results of the I.A. and I.Sc. Examinations of the University in 1961.

| | Name of the Prize. | Name of winner. | Condition of award. |
|---|---|---|---|
| 1. | Scindia Gold (Centered) Medal and Gawalior Prize. | Shri Bhaskarjyoti Mukherjee | Highest marks from the College in the I.Sc. Examination. |
| 2. | Scindia Gold (centered) Medal & Gwalior Prize. | Shri Biwa Nath Banerjee | Highest marks from the college in the I. A.Examination. |
| 3. | Arun Sarkar Memorial Medal | (1) Shri Ranjit Kr. Chakravarty<br>(2) Shri Dipendu Chakravarty. | Highest marks in Bengali in I.A. and I.Sc. Examination among the students of the college. |
| 4. | Harish Chandra Kaviratna Prize | Shri Ranjit Kr. Chakravarty | Highest marks in Sanskrit in I.A. and I.Sc. Examinations among the students of the college. |
| 5. | Chandra Nath Moitra Medal | Shri Manish Kr. Banerjee | Highest marks in Geology in I.Sc. Examination among the students of the college. |
| 6. | Sir Charu Chandra Ghosh Memorial Prize | Sm. Srabana Mukherjee | Highest marks in English in the I.A. and I.Sc. Examinations among the students of Third Year English Honours class of the college. |
| 7. | College Prize | Shri Pradip Kr. Mukhopadhayay | Highest marks in Geography at the I.A. and I.Sc. Examinations obtained by a student of this college who has been admitted in the Third Year class. |
| 8. | Rai Bahadur Devender Chandor Ghosh Prizo. | This award is suspended this year as there is no suitable candidate fulfilling the requirements. | |

### Awards on the results of B.A. and B.Sc. Examinations of the University in 1961.

| | Name of the Prize. | Name of winner. | Condition of award. |
|---|---|---|---|
| 9. | Cunningham Memorial Prize | Shri Bidyendu Mohan Deb | Highest marks in Chemistry Honours in B.Sc. Examination among the students of the college. |
| 10. | College Prize | Shri Sudhir Ch. Dhara | Highest marks in Chemistry Honours, among the Fifth Year students of this college. |
| 11. | J. C. Nag Memorial Medal | Sm. Suhita Guha | Highest marks in Botany in B.Sc. Honours. Examination among the students of this college. |
| 12. | J. C. Sinha Economics Prize | Shri Dilip Kumar Acharja | Highest marks in Economics Honours. in B.A. Examination among the students of this college. |

### Awards on the results of M.A. and M.Sc. Examinations of the University in 1960.

| | | | |
|---|---|---|---|
| 13. | Chandranarayan Gold (Centered) Medal | Shri Sumit Sarkar | Highest marks in History among the students of the college. |
| 14. | Cunningham Memorial Prize | Shri Anil Kumar Kundu | Highest marks in Chemistry among the students of the college. |

### Awards on the results of the Annual Examination of the College in 1961.

| | | | |
|---|---|---|---|
| 15. | Ashutosh Mukherjee Prize | Shri Tapan Kumar Das | Highest marks in First Year Degree Science Examination. |
| 16. | Ashutosh Mukherjee Prize | Shri Pradip Banerjee | Highest marks in First Year Degree Arts Examination. |
| 17. | Kunja Behari Basak Medal | Shri Monojit Acharyya Chaudhury | Highest marks in Practical Chemistry among the students of Third Year Pass and Honours class of the college. |
| 18. | Nistarini Dasi Prize | Shri Subir Dutta | Best Laboratory Note-book in Physics among the Second Year Degree Science (Physics Honours) students of the college. |

## Awards on the results of the Fourth year Arts Test Examination, 1961

| | | | |
|---|---|---|---|
| 19. | H. R. James Memorial Prize by Sri K. P. Khaitan. | Shri Goutam Chakravarty .. .. | .. Highest marks in English Honours among the Fourth Year students of the college. |
| 20. | H. M. Percival Memorial Prize by Shri K. P. Khaitan. | Sm. Debjani Das .. .. | .. Highest marks in Economics Honours among the Fourth Year students of the college. |

WBGP-61/2-6317F-1,500